

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৬(আগরতলা-১৫।৫)

বিশালগড়, ১৫ মে, ২০ ১৮

বিশালগড়ে রবীন্দ্র জয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিশালগড় ব্লকের যৌথ উদ্যোগে গতকাল বিশালগড় পঞ্চায়েত সমিতি হলে অনুষ্ঠিত হয় রবীন্দ্র জন্মজয়ন্তী। অনুষ্ঠানের উদ্বোধন করে সিপাহীজনা জিলা পরিষদের সভাপতি ফখরুদ্দীন আহমেদ বলেন, ছাত্র-ছাত্রী ও যুব সমাজের সুস্থ মননের বিকাশে রবীন্দ্র চর্চার গুরুত্ব অপরিসীম। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপক পাল, বিশিষ্ট সমাজসেবী রামনারায়ণ রায়, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব স্বপ্না ঘোষ প্রমুখ। সভাপতিত্ব করেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুলন সরকার। স্বাগত ভাষণ রাখেন বিশালগড় ব্লকের বি ডি ও অনুপম চক্রবর্তী। অনুষ্ঠানে ব্লক এলাকার শিল্পীরা এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীরা একক ও সমবেত রবীন্দ্র সংগীত, নৃত্য পরিবেশন করেন।
